

সেই আশাতে ঘরবাঁধিনি

সেই আশাতে ঘর বাঁধিনি  
নতুন কিছু পাবো বলে,  
সেই আশাতে ঘর বেঁধেছি  
তোমায় শুষে খাবো বলে।

সেই আশাতে ঘর বাঁধিনি  
সোনার থালা পোর বাটি,  
সেই আশাতে ঘরবেঁধেছি  
থাকুক পায়ে ছেঁড়া চটি।

সেই আশাতে ঘরবাঁধিনি।  
লোমশ বুক রাখবমাথা,  
সেই আশাতে ঘরবেঁধেছি  
বিছানাতে ছেঁড়া কাঁথা।

সাত সমুদ্র পেরিয়ে যাব,  
প্রেম কিকচি পাঁঠার হাড়  
যে প্রেমকে আমি চিবিয়ে খাবো।

শ্রাবণী ঘোষ

